



ভারতীয় হাই কমিশন
ঢাকা
সংবাদ বিজ্ঞপ্তি
ভারত ভ্রমণের জন্য নির্দেশনা

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ এর বিদ্যমান সংক্রমণ বিবেচনায় ভারত সরকার ভারত ভ্রমণের জন্য নিম্নলিখিত নির্দেশনাসমূহ জারি করেছে:

- কূটনৈতিক, অফিশিয়াল, জাতিসংঘ/আন্তর্জাতিক সংস্থা, কর্মসংস্থান এবং প্রকল্প ভিসা ব্যতীত সকল বিদ্যমান ভিসা ১৫ই এপ্রিল ২০২০ অবধি স্থগিত থাকবে। এটি ১৩ মার্চ ২০২০ স্থানীয় সময় সন্ধ্যা ৬টা থেকে বহির্গমন বন্দরে কার্যকর হবে।
- ২০২০ সালের ১২ মার্চ বা তার আগে ভারতীয় হাই কমিশন বা ভারতীয় সহকারী হাই কমিশনসমূহ দ্বারা প্রদত্ত সমস্ত বৈধ ভিসা ১৩ মার্চ ২০২০ স্থানীয় সময় সন্ধ্যা ৬টা থেকে ১৫ এপ্রিল ২০২০ পর্যন্ত স্থগিত থাকবে। ১৩ মার্চ ২০২০ থেকে কোন নতুন ভিসা দেয়া হবে না।
- ওসিআই কার্ডধারীদের ভিসাবিহীন ভ্রমণ সুবিধা ১৫ এপ্রিল ২০২০ পর্যন্ত স্থগিত করা হয়েছে। এটি ১৩ মার্চ ২০২০ স্থানীয় সময় সন্ধ্যা ৬টা থেকে বহির্গমন বন্দরে কার্যকর হবে।
- কোনও বিদেশী নাগরিক অনিবার্য কারণে ভারতে যেতে চাইলে visahelp.dhaka@mea.gov.in বা visa.dhaka@mea.gov.in এই ঠিকানায় ঢাকাস্থ ভারতীয় হাই কমিশনে যোগাযোগ করতে পারেন।
- ১৫ ফেব্রুয়ারি ২০২০ এর পর চীন, ইতালি, ইরান, কোরিয়া, ফ্রান্স, স্পেন এবং জার্মানি থেকে আগত বা এ সকল দেশে ভ্রমণ করেছেন এমন ভারতীয় নাগরিকসহ ভারতে আগত সমস্ত ভ্রমণকারীদের কমপক্ষে ১৪ দিনের জন্য আলাদা করে রাখা হবে। এটি ১৩ মার্চ ২০২০ স্থানীয় সময় সন্ধ্যা ৬টা থেকে বহির্গমন বন্দরে কার্যকর হবে।

- ভারতীয় নাগরিকসহ ভারতে আগত ভ্রমণকারীদের অপ্রয়োজনীয় ভ্রমণ এড়ানোর পরামর্শ দেওয়া হচ্ছে এবং ভারতে প্রবেশের পরে তাদের কমপক্ষে ১৪ দিনের জন্য আলাদা করে রাখা হতে পারে।
- ভারতীয় নাগরিকদের বিদেশে সমস্ত অপ্রয়োজনীয় ভ্রমণ এড়াতে বলা হচ্ছে। ফিরে আসার পরে, তাদের ন্যূনতম ১৪ দিনের জন্য আলাদা করে রাখা হতে পারে।
- স্থল সীমান্তের মধ্য দিয়ে যাতায়াত কেবল শক্তিশালী স্কিনিংয়ের সুবিধা সংবলিত নির্দিষ্ট চেক পোস্টগুলিতে সীমাবদ্ধ থাকবে। এই নির্দিষ্ট চেকপোস্টগুলি পরে জানানো হবে।

ঢাকা

১২ মার্চ ২০২০
